৪

তারিখ 30 DEC 1996
পৃষ্ঠা ৬ কলাম ২

জনকণ্ঠ

# অর্থ বিচিত্রা

সার্কভুক্ত সাতটি দেশ ব্যবসা-বাণিজ্য, অর্থনৈতিক সহযোগিতা এবং পারস্পরিক স্বার্থ সংশ্লিষ্ট বিষয়াদির সমস্যাসমূহের শান্তিপূর্ণ সমাধানের জন্য প্রতিশ্রুতিবদ্ধ। অর্থনৈতিক সাহায্য ও সহযোগিতার মাধ্যমে নিজেদের অর্থনৈতিক প্রবৃদ্ধি অর্জনই সার্ক গঠনের মূল লক্ষ্য। বাংলাদেশ, ভারত, পাকিস্তান, নেপাল, ভুটান, শ্রীলঙ্কা ও মালদ্বীপের অর্থনৈতিক কাঠামো, প্রবৃদ্ধির হার, জনসংখ্যা বৃদ্ধির প্রকৃতি ও মাথাপিছু আয়ের একটি তুলনামূলক বিশ্লেষণ দ্বারা বোঝা যাবে সার্ক সদস্যভুক্ত দেশগুলোর মধ্যে কার অবস্থা কেমন। অবস্থার তুলনামূলক বিশ্লেষণ করে কম অগ্রসর দেশ তার ভাগ্যোন্নয়নে সচেষ্ট হবে— এটাই স্বাভাবিক। নিম্নে সার্কভুক্ত সাতটি দেশের তুলনামূলক চিত্র তুলে ধরা হলো।

সার্কভুক্ত দেশগুলোর তুলনামূলক চিত্র

| দেশ | জনসংখ্যা (কোটিতে) | জনসংখ্যা বৃদ্ধির হার | শিক্ষিতের হার | মাথাপিছু আয় (ডলারে) | জিডিপি বৃদ্ধির হার |
|---|---|---|---|---|---|
| মালদ্বীপ | ০.০২ | ৩.০% | ৯২% | ৪৭০ | ৫.৫% |
| ভুটান | ০.০৭ | ২.৩% | ৪০% | ৪১৫ | ৫.১% |
| শ্রীলঙ্কা | ১.৮ | ১.২% | ৮৯% | ৬৩৫ | ৫.৭% |
| নেপাল | ২.২ | ২.৩% | ২৭% | ১৮০ | ৭.০% |
| পাকিস্তান | ১৩.২ | ২.৯% | ৩৬% | ৪৪০ | ৪.৭% |
| বাংলাদেশ | ১২.২ | ২.২% | ৩৬% | ২২০ | ৪.৫% |
| ভারত | ৯২.৮ | ২.১% | ৫২% | ৩১০ | ৫.৩% |

তথ্যসূত্র ॥ এশিয়া উইক, ২৯ মার্চ '৯৬